

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন

নির্মাণ বিভাগ


১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ

ঢাকা-১২১৫।

স্থাপত্য নকশা ও ডিজাইন অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তি

১।	মন্ত্রণালয়/ডিভিশন	শিল্প মন্ত্রণালয়।
২।	সংস্থা	বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন।
৩।	প্রকিউরিং এন্টিটি	বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন।
৪।	কাজের বিবরণ	ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০১৮ এ বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের জন্য নির্ধারিত ৫০ ফুট X ৫০ ফুট = ২৫০০ বর্গফুট জায়গায় প্যাভিলিয়ন নির্মাণ ও ইন্টেরিয়র কাজ।
৫।	দরপত্রের সূত্র নং ও তারিখ	বিএসইসি/কনস/বাণিজ্য মেলা-২০১৮/৭১০, তাং-২২-১১-২০১৭ ইং
৬।	অর্থের উৎস	বিএসইসি'র নিজস্ব তহবিল।
৭।	দরপত্র পদ্ধতি	খোলা দরপত্র পদ্ধতি।
৮।	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	৩০-১১-২০১৭ইং, বিকাল ৪.০০ ঘটিকা।
৯।	দরপত্র দলিল দাখিলের তারিখ ও সময়	০৩-১২-২০১৭ইং, বেলা ১২.০০ ঘটিকা।
১০।	দরপত্র খোলার তারিখ ও সময়	০৩-১২-২০১৭ ইং, বেলা ১২.১৫ ঘটিকায় উপস্থিত দরদাতা /প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হইবে।
১১।	দরপত্র দলিল প্রাপ্তির স্থান	(ক) হিসাব বিভাগ (ক্যাশ শাখা), বিএসইসি ভবন, (লেভেল-২), ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
১২।	দরপত্র দলিলের মূল্য	২০০০.০০ (দুই হাজার) টাকা মাত্র (অফেরত যোগ্য)।
১৩।	টেন্ডার সিকিউরিটির পরিমাণ	যে কোন সিডিউল ব্যাংক হইতে টাঃ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা বিএসইসি'র অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্রের সাথে দাখিল করিতে হইবে।
১৪।	কার্য সম্পাদনের সময় সীমা	কার্যাদেশ প্রদানের তারিখ হইতে ২০ (বিশ) দিন। দিবা-রাত্রি কাজ করার সামর্থ্য থাকিতে হইবে।
১৫।	দরপত্র গ্রহণ ও খোলার স্থান	প্রধান প্রকৌশলী, নির্মাণ ও প্রকৌশল বিভাগ, (লেভেল-৫), ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
১৬।	দরপত্র দাতাদের যোগ্যতা	(ক) ঠিকাদারী ফার্মের সাধারণ অভিজ্ঞতা ন্যূনতম ১০ (দশ) বছর। (খ) বিগত ৫ বৎসরের মধ্যে আন্তর্জাতিক বাণিজ্য মেলা/জাতীয় মেলা/প্যাভিলিয়ন নির্মাণ (ইন্টেরিয়র, এক্সটেরিয়র, সিভিল, ইলেকট্রিক্যাল) সংক্রান্ত কাজে অভিজ্ঞতা সম্পন্ন ১ম শ্রেণির নির্মাণ ঠিকাদার এবং এই জাতীয় কাজ, একক কার্যাদেশের মাধ্যমে ন্যূনতম ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকায় সুষ্ঠুভাবে সম্পন্ন করিয়াছে এই মর্মে সত্যায়িত সার্টিফিকেট/কার্যাদেশের সত্যায়িত কপি। (গ) অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে সরেজমিনে নির্ধারিত স্থান পরিদর্শনপূর্বক সিডিউলে বর্ণিত নকশা, মডেল ও BOQ অনুসারে দর দাখিল হইতে হইবে। (ঘ) হাল সন নাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি। (ঙ) টি আই এন নম্বরসহ হালনাগাদ আর্থিক বৎসরের আয়কর পরিশোধের সার্টিফিকেটের সত্যায়িত কপি। (চ) দরপত্র দাখিলের তারিখ হইতে ২৫ (পঁচিশ) দিন সময়ের মধ্যে বাংলাদেশের যে কোন তফসীল ভুক্ত ব্যাংক কর্তৃক এ কাজে দরদাতার অনুকূলে কমপক্ষে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকার প্রাথমিক বিনিয়োগ সক্ষমতা জ্ঞাপক সনদপত্র প্রদান করিতে হইবে। (ছ) মূল্য সংযোজন কর ভ্যাট এর নিবন্ধন সনদের সত্যায়িত কপি। (জ) ঠিকাদারী ফার্মের ডিগ্রীধারী আর্কিটেক্ট কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতার ০১ জন, ডিগ্রীধারী স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার কমপক্ষে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতার ০১ জন থাকিতে হইবে, যাহার বায়োডাটা দরপত্রের সহিত সংযোজন করিতে হইবে। (ঝ) কাজের সংশ্লিষ্ট জায়গায় সার্বক্ষনিক দুইজন অভিজ্ঞ (ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা) ডিগ্রীধারী/ডিপ্লোমা সিভিল ও ইলেকট্রিক্যাল প্রকৌশলীর উপস্থিত থাকিতে হইবে, যাহার বায়োডাটা দরপত্রের সহিত সংযোজন করিতে হইবে।
১৭।	দরপত্র গ্রহণ ও খোলার নির্ধারিত তারিখে সরকারি ছুটি বা অনিবার্য কারণবশতঃ কার্যালয় বন্ধ থাকিলে, পরবর্তী কার্য দিবসে একইস্থানে দরপত্র গ্রহণ ও খোলা হইবে।	
১৮।	দরপত্র দলিলের সহিত অন্যান্য সকল তথ্যাদি বিস্তারিতভাবে প্রদান করা আছে, যাহা যথাযথভাবে পালন পূর্বক দরপত্র দাখিল করিতে হইবে।	
১৯।	কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই, যে কোন অথবা সকল দরপত্র বাতিল অথবা যে কোন দরপত্র গ্রহণ করিবার ক্ষমতা সংরক্ষণ করে।	

বি: দ্র: দরপত্র বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের website www.bsec.gov.bd তে পাওয়া যাবে।


(প্রকৌঃ মোঃ আবুল খায়ের সরদার)
প্রধান প্রকৌশলী